

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩২০১

২৭/ আদব

পরিচ্ছেদঃ সফরে চলা, বিশ্রাম নিতে অবতরণ করা, রাত কাটানো এবং সফরে ঘুমানোর আদব-কায়দা। রাতে পথচলা মুস্তাহাব, সওয়ারী পশুদের প্রতি নম্রতা প্রদর্শন করা এবং তাদের বিশ্রামের খেয়াল রাখা। যে তাদের অধিকারের ব্যাপারে ক্রটি করে তাকে তাদের অধিকার আদায়ের নির্দেশ দেওয়া। সওয়ারী সমর্থ হলে আরোহীর নিজের পিছনে অন্য কাউকে বসানো বৈধ

আরবী

وَعَنْ سَهْلِ بْنِ عَمْرِهِ وَقِيْلَ: سَهْلِ بِنِ الرَّبِيعِ بِنِ عَمرِهِ الأَنصَارِي المَعرُوفِ بِابِنِ الحَنظَلِيَّةِ وَهُوَ مِن أَهلِ بَيعَةِ الرِّضْوَانِ قَالَ: مَرَّ رَسُوْلُ اللهِ عَيْلِيُّ بِبَعِيرٍ قَدْ لَحِقَ ظَهْرُهُ بِبَطْنِهِ فَقَالَ اِتَّقُوا اللهَ فِي هَذِهِ البَهَائِمِ المُعجَمَةِ، فَارْكَبُوهَا صَالِحَةً، وَكُلُوهَا صَالِحَةً رواه أَبُو داود بإسناد صحيح

বাংলা

(৩২০১) সাহল ইবনে আমর (রাঃ) মতান্তরে সাহল ইবনে রাবী ইবনে আমর (রাঃ) আনসারী --যিনি ইবনুল হান্যালিয়্যাহ নামে প্রসিদ্ধ এবং ইনি বায়আতে রিয়ওয়ানে অংশ গ্রহণকারীদের মধ্যে একজন—তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একটা উটের পাশ দিয়ে গেলেন, যার পিঠটা (দুর্বলতার কারণে) পেটের সাথে লেগে গিয়েছিল। (তা দেখে) তিনি বললেন, তোমরা এ সব অবোলা জন্তুর ব্যাপারে আল্লাহকে ভয় কর। সুতরাং তোমরা তাদের সুস্থ থাকা অবস্থায় আরোহণ কর এবং তাদের সুস্থ থাকা অবস্থায় মাংস খাও।

ফুটনোট

(আবু দাউদ ২৫৫০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন